গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# বিজ্ঞপ্তি

আগামী ১৭-১০-২০২১ ইং তারিখ রোজ রবিবার সকাল: ১১:০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে উপজেলা সভা কক্ষে " জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ" কমিটির এক সভার আহ্বান করা হয়েছে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হইল।

<u>আলোচ্য সূচী:</u>
১। স্যানিটেশন বিষয়ে আলোচনা।
২। অন্যান্য।

১০/১০/২০২১
( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.১০৩.২৭৬৯.০০১.

তারিখ:

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:</u>
১। উপজেলা ভাইস চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ।
৩। চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ।
৪। চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ।

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.১০৩.২৭৬৯.০০১. ০১.০৪৫.২৪ —— ২২২(৬)/১ তারিখ: ১০/১০/২০২১

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল:</u>
১। উপজেলা চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার,নবাবগঞ্জ,দিনাজপুর।

১০/১০/২০২১
( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

CamScanner

## জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ আব্দুর রাজ্জাক
উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ
সভার স্থান: উপজেলা সভাকক্ষ
সভার সময়: সকাল ১১:০০ ঘটিকা
তারিখ: ১৭-১০-২০২১ ইং

### উপস্থিত সন্মানিত সদস্যবৃন্দের বিবরণী

| ক্র:নং | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নবাবগঞ্জ | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ | সদস্য | ” |
| ৩ | চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | সদস্য | ” |
| ৪ | চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | ” |
| ৫ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য সচিব | ” |

সভায় উপস্থিত সন্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনার সূত্রপাত করেন। সভার শুরুতেই সহকারী প্রকৌশলীর নিকটে কাজের অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হ'লে তিনি জানান যে, ২০২১- ২২ ইং অর্থ বৎসরের তারা নলকূপের বরাদ্দ ইতিমধ্যেই বিভাজন করা হয়েছে এবং স্থান তালিকা প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকেই ইতিমধ্যেই পত্র প্রেরণ করা হয়েছে। আশা করা যায় অল্প কিছু দিনের মধ্যেই স্থান নির্বাচন কার্যক্রম সম্পন্ন হবে।

সহকারী প্রকৌশলী আরো জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে যোগযোগ করে জানা যায় যে, বর্তমান ২০২১- ২২ ইং অর্থ বৎসরের আওতায় উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অনুকূলে ২য় কিস্তির আর্থিক বরাদ্দ এসেছে এবং যার পরিমান ১ম কিস্তির সমপরিমান।

সভাপতি মহোদয় অবহিত করেন যে, ২য় কিস্তির বরাদ্দের অর্থ অর্থ্যাৎ স্যানিটেশন খাতের বরাদ্দের ৩,৭৬,২০০/- টাকা যাতে স্যানিটেশন খাতেই ব্যয় হয় এ বিষয়ে তিনি জোরালো ভূমিকা রাখবেন।

সভায় সভাপতি মহোদয় জানান যে, শালখুরিয়া ইউনিয়নের বেড়ামালিয়া আদর্শ গ্রামের বাসিন্দারা পানি নিস্কাশনের সমস্যায় ভুগছেন এবং ঐ গ্রামের অধিবাসীর ব্যবহৃত পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় জলবদ্ধতায় তারা ভূগছেন। তাই এমন নিদারুন অবস্থার অবসান হওয়া প্রয়োজন এবং সেপ্রেক্ষিতে ড্রেন নির্মাণ করা প্রয়োজন।

সভাপতি মহোদয় আরো জানান যে, পুটিমারা ইউনিয়নের পশ্চিম পাড়া জামে মসজিদ হতে উত্তর পূর্ব দিকেও জলবদ্ধতার কারণে অধিবাসীদের খুবই সমস্যা হচ্ছে। তাই সেখানেও পানি নিস্কাশনের জন্যে ড্রেন নির্মাণ করা প্রয়োজন।

উপস্থিত সকল সদস্যবৃন্দই সভাপতি মহোদয়ের প্রস্তাবনা সমর্থন করেন এবং স্থান ২টিতে উক্ত স্যানিটেশন খাতের বরাদ্দ হতে প্রকল্প গ্রহণ করত: জন দূর্ভোগ এড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে একমত পোষন করেন।

CS CamScanner

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করত: সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/১০/২০২২

(মোঃ আব্দুর রাজ্জাক)
সভাপতি
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ কমিটি
ও
উপজেলা ভাইস চেয়ারম্যান,
নবাবগঞ্জ, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীল কার্যালয়
জনস্বাস্থ প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১.০১.০৪৫.২২ ———— ৬০২(১) তারিখ: ২৭/১০/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। উপজেলা চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার,নবাবগঞ্জ,দিনাজপুর।

২৭/১০/২০২২

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১. তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। উপজেলা ভাইস চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।

২। চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ।

৩। চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ

৪। চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

CamScanner